

BEN (H) - II
P-IV

BNGA(HN)-04

West Bengal State University

B.A./B.Sc./B.Com (Honours, Major, General) Examinations, 2015

PART - II

বাংলা — সাম্মানিক

চতুর্থ পত্র

Duration : 4 Hours

Full Marks : 100

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্রমানের নির্দেশক।

- ১। সামাজিক নাটকের সংজ্ঞা উল্লেখ করে এই শ্রেণির নাটকের সাধারণ লক্ষণগুলি আলোচনা করো।
সামাজিক নাটকের বৈশিষ্ট্যের আলোকে একটি সার্থক বাংলা সামাজিক নাটক বিশ্লেষণ করো।

১০ + ১০

অথবা

যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো :

১০ + ১০

ক) একাক্ষ নাটক

খ) পৌরাণিক নাটক

গ) ট্রাজেডি

ঘ) রূপক নাটক।

- ২। ন্যাশনাল থিয়েটারের সূচনা কীভাবে হয় ? এখানকার প্রথম পর্বের নাট্য-অভিনয়ের ইতিহাস উল্লেখ করে বাংলা নাটকের ইতিহাসে ন্যাশনাল থিয়েটারের গুরুত্ব আলোচনা করো।

৫ + ৮ + ৭

অথবা

যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো :

১০ + ১০

ক) বেলগাছিয়া নাট্যশালা

খ) নাট্যনিয়ন্ত্রণ বিল

গ) বাগবাজার এমেচার থিয়েটার

ঘ) লেবেডফ ও বেঙ্গলী থিয়েটার।

SUB-B.A.(HN)-BNGA-6059

[Turn over

- ৩। প্রহসন হিসেবে 'একেই কি বলে সভ্যতা'র সার্থকতা বিচার করো। ১০

অথবা

'একেই কি বলে সভ্যতা' প্রহসনে নারী চরিত্রদের ভূমিকা আলোচনা করো।

- ৪। 'বুড় সালিকের ঘাড়ে রৌঁ' প্রহসনে ভগ্ন শিবমন্দিরের ভূমিকা আলোচনা করো। ১০

অথবা

“ 'বুড় সালিকের ঘাড়ে রৌঁ' প্রহসনটিতে হাস্যরস ও শ্লেষের অপূর্ব রসায়ন প্রহসনকারের দক্ষতার পরিচায়ক।” — বিষয়বস্তু বিশ্লেষণ করে সমালোচকের এই বক্তব্যটি কতদূর গ্রহণযোগ্য তা বিচার করো।

- ৫। সংলাপ রচনায় 'মুক্তধারা' নাটকের বিশেষত্ব আলোচনা করো। ১৫

অথবা

'মুক্তধারা' নাটকের ধনঞ্জয় চরিত্রটি নাট্যকারের কোনো বিশেষ আদর্শের ফসল কিনা চরিত্রটি বিশ্লেষণ করে তোমার মতামত ব্যক্ত করো।

- ৬। 'টিনের তলোয়ার' নাটকে প্রিয়নাথ মল্লিকের ভূমিকা আলোচনা করো। ১৫

অথবা

'টিনের তলোয়ার' নাটকের নাট্যবিষয় ও পরিণতি এর নামকরণের ক্ষেত্রে কতখানি তাৎপর্যপূর্ণ তা আলোচনা করে দেখাও।

- ৭। “যন্ত্রের জোরে দেবতার পদ নিজেই নেব এই কথা প্রমাণ করবার ভার আমার উপর।” — বক্তা কে? প্রসঙ্গ উল্লেখ করে বক্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১ + ৪ = ৫

অথবা

“এই জলের শব্দে আমি আমার মাতৃভাষা শুনতে পাই।” — কে মাতৃভাষা শুনতে পায়? প্রসঙ্গ উল্লেখ করে এই উক্তির তাৎপর্য লেখো। ১ + ২ + ২ = ৫

- ৮। “আমি কলকাতার তলায় থাকি।” — কে, কাকে, কোন্ প্রসঙ্গে কথাগুলো বলেছে ? এই সংলাপের অব্যবহিত পরে কোন্ কবির কবিতাপাঠের উল্লেখ করা হয়েছে ? $১ + ১ + ২ + ১ = ৫$

অথবা

- “ডাকাতই পড়েছে, ডাকাতির ফিমেল সংস্করণ।” — কে, কার সম্পর্কে একথা বলেছে ? সংক্ষেপে এর প্রসঙ্গ উল্লেখ করো। $১ + ১ + ৩ = ৫$